

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দাসাহিত্য)

পৃষ্ঠামান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসত্ত্ব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘রক্তমুখী নীলা’গল্লে ব্যোমকেশের মক্কলের নাম কী ছিল ?
তিনি কোন্ গাড়িতে চড়ে ব্যোমকেশের সঙ্গে দেখা করতে এসেছিলেন ?
- খ) রাজা সগর কোথাকার রাজা ছিলেন ? ‘গঙ্গা আনিবার কথা’ অনুযায়ী তাঁর ছোট রাণীর পুত্রসংখ্যা কত ছিল ?
- গ) কোন্ হাতির মাথা নাড়ার কারণে ভূমিকম্প হয় ? গঙ্গাকে কে কানের ভিতর দিয়ে বের করেছিলেন ?

- ঘ) ইন্দ্রের সভার নাম কী ? বৃত্রাসুরের মুখ থেকে ইন্দ্রকে বের করার জন্য দেবতারা কোন্ অস্ত্র প্রয়োগ করেছিলেন ?
- ঙ) নর্মদার তীরে কোন্ মুনির আশ্রম ছিল ? নহয় অগন্ত্যের অভিশাপে কীসে পরিণত হয়েছিল ?
- চ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘বিষ্ণুর অবতার’ অনুযায়ী মহারাজা বলি কোন্ নরকে বাস করেছিলেন ?
বিষ্ণু মৎস্যবতার রূপে প্রথম কোন্ নদীতে অবস্থান করেছিলেন ?
- ছ) ব্যোমকেশের সঙ্গে কোন্ভূতাষ্ট্রৈর দেখা হয়েছিল ?
মুঙ্গেরে ‘কেল্লা’য় কার দুর্গ ছিল ?
- জ) ছোটোবেলায় কী খাওয়ার ফলে পাঁচ মামার শরীর ভেঙে গিয়েছিল ? পদীপিসি বড়লাটকে কীসের চচ্চড়ি খাইয়েছিলেন ?
- ঝ) ‘পদীপিসির বর্মিবাঙ্গ’ টিকে দিদিমা কোন্ কাজে ব্যবহারের জন্য নিয়েছিলেন ? পাঁচুমামা ও কথকের সহযাত্রী চিমসে ভদ্রলোকটি শেষে সেজ-দাদামশাইয়ের কাছে কত টাকা চেয়েছিল ?
- ঝঃ) ‘প্রফেসর শঙ্কু ও খোকা’ গল্লে খোকার বুদ্ধি কোন্ দুর্ঘটনার ফলে অস্বাভাবিক বিকাশ লাভ করেছিল ? বাড়ি ফিরে আসার সময় খোকা শঙ্কুর কাছে কী চেয়েছিল ?
- ঢ) ‘সমাদারের চাবি’ গল্লে সংখ্যাতত্ত্বের উপর ফেলুদা যে বইটি পড়েছিল, সেখানে কার বিচিত্র আবিষ্কারের কথা বলা আছে ? যে যন্ত্রের মধ্যে টাকা লুকোনো ছিল, সেটির নাম কী ?

- ঠ) ‘সমাদ্বারের চাবি’ গল্পে অবনী সেনের পুত্রের নাম কী ছিল? সে কীভাবে মণিবাবুকে ঘায়েল করেছিল?
- ড) ‘সত্যাঞ্জী’ গল্পের শেষে ব্যোমকেশ বঙ্গী অজিতকে নিয়ে যে বাসায় গিয়ে ওঠেন, সেটি কোথায় অবস্থিত ছিল? ব্যোমকেশ কোন্ ছদ্মনামে মেসবাড়িতে বাস করতেন?
- ঢ) ‘সাত ভাই চম্পা’ আখ্যানে বড়রাণীরা, ছোটোরাণীর পুত্র-কন্যার বদলে, রাজাকে কী দেখিয়েছিল?
- ণ) ‘নীলকমল আর লালকমল’ আখ্যানে রাজার দুই পুত্রের আসল নাম কী ছিল?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) ‘শিয়ালপগ্নিৎ’ আখ্যানে শিয়ালটি নাক খোয়ানোর পর থেকে কীসের বদলে কী পেয়েছিল, ক্রমানুসারে লেখো।
- খ) ‘ইন্দ্র হওয়ার সুখ’ রচনা অনুসারে রজিকে কীভাবে ইন্দ্রত্ব প্রাপ্তি থেকে বঞ্চিত করা হয়েছিল? আত্মের পরিণতি কী হয়েছিল? $2+3$
- গ) সুকুমার রায়ের ‘খিচুড়ি’ অবলম্বনে পাঁচটি বিচিত্র সংকর প্রাণীর নাম উল্লেখ করো।
- ঘ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘রক্তমুখী নীলা’ গল্পে হরিপদকে কে খুন করেছিল? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে এই হত্যা সংঘটিত হয়েছিল, আলোচনা করো। $1+8$
- ঙ) ‘অম্বর সেন অন্তর্ধান রহস্য’ গল্পে অম্বর সেন কোন্ ছদ্মনামে জটায়ুর সঙ্গে পরিচিত হয়েছিলেন? তিনি নিজের সম্পন্নে কোথাকার স্কলার পরিচয় দিয়েছিলেন? অম্বর

সেনের ভাইয়ির নাম কী? অম্বর সেনের ভাইয়ির নাম কী ছিল? সমরেশবাবু কোন্ কোম্পানীতে চাকরি করতেন?

$1+1+1+1+1$

- চ) দিদিমার তত্ত্বাবধানে ‘পদীপিসির বর্মিবাঙ্গ’য় পাওয়া সম্পদের ভাগ বাঁটোয়ারা কাদের মধ্যে কীভাবে হয়েছিল, গল্প অবলম্বনে তার পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) ‘ব্যোমকেশ ও বরদা’ গল্পে কীভাবে অতিথাকৃত ও রহস্য গল্পের বাতাবরণকে মেলানোর চেষ্টা করেছেন শরদিন্দু, তা আলোচনা করো।
- খ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘বিষুর অবতার’ রচনা অবলম্বনে ভগবান বিষুর অবতারদের বিস্তারিত পরিচয় দাও।
- গ) সুকুমার রায়ের ‘একুশে আইন’ শিশু সাহিত্যের আপাত মোড়কের আড়ালে ধারণ করে আছে সমাজ-রাজনৈতিক ব্যবস্থার প্রতি অনাবিল ব্যঙ্গ — কবিতাটি অবলম্বনে আলোচনা করো।
- ঘ) ‘পদীপিসির বর্মিবাঙ্গ’ কিশোর পাঠ্য আখ্যানে কীভাবে রোমাঞ্চ ও মজার সম্মিলন ঘটেছে, আলোচনা করো।
